ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১২৯.২০২৩-৩৯৮৯ তারিখ : ১২/১০/২০২৫ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর আইন, ২০০৩ এর ধারা ৪৪(৫) এবং সিন্ডিকেটের ১২৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সকল ধরণের রাজনৈতিক সংগঠন এবং এর কার্যক্রমের সাথে সম্পৃক্ততা নিষিদ্ধ করা হয়।

সাম্প্রতিক সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে কেহ কেহ রাজনৈতিক আলোচনা, সমাবেশ, সংগঠনমূলক কার্যক্রম এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে (যেমনঃ- Facebook, X, Instagram, YouTube ইত্যাদি) রাজনৈতিক প্রচারণায় জড়িত থাকার বিষয়টি পরিলক্ষিত হইতেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিষয়টি গভীরভাবে পর্যবেক্ষণ করিতেছে।

উল্লিখিত নিষেধাজ্ঞা অমান্য করিয়া কেহ রাজনীতির সহিত সম্পৃক্ত থাকিলে/হইলে বা অতীত রাজনৈতিক দলের কোনো ছায়া সংগঠন বা তদ্রুপ কোনো সংগঠনের সহিত জড়িত থাকিলে/হইলে তাঁহার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০২। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক এবং প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এই বিজ্ঞপ্তি জারী করা হইল।

12 OCT 2025

(অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১২৯.২০২৩-৩৯৮৯ তারিখ : ১২/১০/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-

(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/সহকারী হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৫। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর চৌরাস্তা, গাজীপুর।
৬। জেলা প্রশাসক, গাজীপুর।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর থানা, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, জয়দেবপুর, গাজীপুর।
৮। সিকিউরিটি অফিসার, নিরাপত্তা শাখা।
৯। সকল নোটিশ বোর্ড।
১০। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

Arif Hague
12-10-25

(এ. বি. এম. মঈনুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা।